নওয়াজউদ্দিনের বিরুদ্ধে এবার ধর্ষণের অভিযোগ আনলেন স্ত্রী

ভারতীয় চলচ্চিত্র অভিনেতা নওয়াজউদ্দিন সিদ্দিকির সঙ্গে বিবাহ-বিচ্ছেদের আবেদন আগেই করেছেন। এবার নওয়াজের বিরুদ্ধে ধর্ষণ ও প্রতারণার অভিযোগ দায়ের করলেন স্ত্রী আলিয়া সিদ্দিকি। জানা যাচ্ছে, নওয়াজের বিরুদ্ধে মুম্বাইয়ের ভারসোভা থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন তার স্ত্রী।

আলিয়া সিদ্দিকির আইনজীবী জানান, ‘আমার মক্কেল ভারসোভা থানায় ধর্ষণ, প্রতারণা এবং প্রতারণা করে বৈধ বিয়ে ও প্ররোচিত করে সহবাসের অভিযোগ এনেছেন। আশা করছি খুব শিগগিরই এফআইআর রেজিস্টার করা হবে।’

যদিও আলিয়া সিদ্দিকির এই লিখিত অভিযোগের বিষয়ে অভিনেতা নওয়াজউদ্দিন সিদ্দিকি কোনো মন্তব্য করেননি।

এর আগে, নওয়াজের ভাই শামসউদ্দিনের বিরুদ্ধেও শ্লীলতাহানির অভিযোগ এনেছিলেন আলিয়া। যদিও সমস্ত অভিযোগ অস্বীকার করেছিলেন নওয়াজের ভাই শামস। তার পাল্টা অভিযোগ ছিল, শুধু অর্থনৈতিকভাবে ফায়দা তোলার জন্য আলিয়া এটা করছেন।

আলিয়ার দাবি ছিল, ‘ম্যাজিক ইফ ফিল্মস এলএলপি নামে যে সংস্থা রয়েছে, তাতে নওয়াজ, শামস ছাড়াও আমি ২৫ শতাংশ অংশীদার। আমি যদি আমার কোম্পানি থেকে কোনো টাকা নেই, তাহলে সেটা কীভাবে শামসের টাকা হয়ে যেতে পারে? শামস তো নিজেই নওয়াজের টাকায় চলে। আমি আমার স্বামীর কাছ থেকে টাকা চেয়েছি। উনি ওনার ম্যানেজারের মাধ্যম টাকা পাঠিয়েছেন। তারপর কীভাবে দাবি করতে পারেন, যে ওটা ওনার টাকা? আমি তো নওয়াজের স্ত্রী তাহলে কেন টাকা চাইতে হবে?’ যদিও এই মামলায় অভিনেতা নওয়াজউদ্দিন এখনো পর্যন্ত প্রকাশ্যে মুখ খোলেননি।

সম্প্রতি নওয়াজউদ্দিন সিদ্দিকির থেকে বিবাহ বিচ্ছেদ চেয়ে ৩০ কোটি টাকা দাবি করেছেন তার স্ত্রী আলিয়া সিদ্দিকি। বিপুল অঙ্কের অর্থের পাশাপাশি মুম্বাইয়ের ইয়ারি রোডে ৪ বিএইচকে-র একটি ফ্ল্যাটও দাবি করেছেন আলিয়া।

বিবাহ বিচ্ছেদের মামলায় অভিনেতার বিরুদ্ধে একাধিক অভিযোগ এনেছেন

তার স্ত্রী। তার অভিযোগ ছিল, তিনি যখন নওয়াজের সঙ্গে বিয়ে করতে যাচ্ছিলেন, তখন অভিনেতা আরও একজনের সঙ্গে সম্পর্কে ছিলেন। পাশাপাশি, নওয়াজ তার গায়ে হাত না তুললেও, যে ধরনের চিৎকার চেঁচামেচি করে অশান্তি করতেন, তা অসহ্য হয়ে যায়।

অভিনেতার মা, দাদার বিরুদ্ধেও হিংসার অভিযোগ করেন আলিয়া। নওয়াজের দাদা শামাস আলিয়ার গায়ে হাতও তোলেন বলে অভিযোগ করা হয়। এসব ছাড়াও আলিয়ার কথায় নওয়াজের কোনো বান্ধবী এলে, আলিয়া বাড়ি থেকে বেরিয়ে যেতেন। তার সামনে দিয়েও নওয়াজের বান্ধবীরা তার ঘর ঢুকতেন।

সূত্র : জিনিউজ

বিয়ের পরপরই পুনমের মামলায় গ্রেফতার স্বামী

স্বামীর বিরুদ্ধে হয়রানির মামলা দিয়েছেন বিতর্কত মডেল ও অভিনেত্রী পুনম পান্ডে। সেই মামলায় গোয়া থেকে তার স্বামী স্যাম বোম্বেকে পুলিশ গ্রেফতার করেছে। স্বামীর বিরুদ্ধে শ্লীলতাহানি, হুমকি প্রদান ও লাঞ্ছিত করার অভিযোগ এনেছেন পুনম।

দক্ষিণ গোয়াতে এসব ঘটনা ঘটে বলে জানিয়েছে পুলিশ। সেখানে পুনম তার একটি ছবির শুটিং করছেন।

গত জুলাইয়ে পুনম ও স্যামের বাগদান হয়। সম্প্রতি দীর্ঘ সময়ের প্রেমিক স্যামকে বিয়ে করেন পুনম। ইনস্টাগ্রামে বিয়ের ছবি শেয়ার করে পুমন লিখেছিলেন, ‘সাত জনম তিনি স্যামের সাথে কাটাতে চান।’

মধুচন্দ্রিমার ভিডিও শেয়ার করে লিখেছিলেন, ‘সবচেয়ে সেরা মধুচন্দ্রিমা।’ সেই মধুচন্দ্রিমার রেশ না কাটতেই পুলিশকে দিয়ে নববিবাহিত স্বামীকে গ্রেফতার করিয়েছেন পুনম।
সূত্র: বলিউড লাইফ

মাদককাণ্ডে এবার ফেঁসে যাচ্ছেন দিয়া মির্জা

সুশান্ত সিং রাজপুতের মৃত্যু তদন্তে নেমে বলিউডে মাদক যোগের ইঙ্গিত পেয়েছিল ভারতের গোয়েন্দা এবং নিরাপত্তা সংস্থা সিবিআই। এরপর আলাদা করে মামলা রুজু করে তদন্ত শুরু করে এনসিবি। ইতোমধ্যেই গ্রেফতার রয়েছেন রিয়া চক্রবর্তী, শৌভিক চক্রবর্তীসহ ১৮ জন। তবে লম্বা হচ্ছে বলিউডের তালিকা।

সারা আলি খান, রাকুল প্রীত সিং, শ্রদ্ধা কাপুর, দীপিকা পাড়ুকোনের পর এবার নাম জড়ালো দিয়া মির্জার। দীপিকার পর এবার দিয়া মির্জাকেও সমন পাঠাবে এনসিবি, অন্তত সূত্র মারফত জানা গেছে এমনটাই। খুব দ্রুত জিজ্ঞাসাবাদের জন্য নর্কো দফতরে তলব করা হবে এই অভিনেত্রীকে। মাদক পাচারকারী অঙ্কুশ আর অনুজ কেশওয়ানিকে জেরার সময়ই দিয়ার নাম উঠে এসেছে বলে জানিয়েছেন এনসিবি তদন্তকারীরা।

এনসিবি সূত্রে আরও জাননো হয়েছে, দিয়ার ম্যানেজার হলেন অনুজের প্রেমিকা। তিনিই দিয়াকে সময়মতো মাদক পৌঁছে দিতেন। ২০১৯ সাল থেকেই চলছে এই আদানপ্রদান। এমনকি, দুইবার মাদক পাচারকারীদের সঙ্গে দেখাও করেছিলেন দিয়ার ম্যানেজার। দিয়ার ম্যানেজারকেই আগে ডেকে পাঠানো হচ্ছে বলে সংবাদ সূত্রে খবর। এরপর ডেকে পাঠানো হবে অভিনেত্রীকে।

ইরফানের সমাধি ঘিরে গাছগাছালি

নাম-যশ-খ্যাতি, অর্থ-প্রতিপত্তি, সাফল্য-ব্যর্থতা; সবকিছুই পড়ে আছে পার্থিব জগতে। নশ্বর দেহ মাটির কোলে আশ্রয় নিয়েছে। ওপরে খোদাই করা নাম- ইরফান খান। মরণব্যাধি ক্যান্সারের কাছে হার মেনে চার মাস আগে না ফেরার দেশে পাড়ি জমিয়েছেন বলিউডের এই অভিনেতা।

ইরফান চিরঘুমে আছেন মুম্বাইয়ের ভারসোভা কবরস্থানে। কিন্তু এখন গাছগাছালিতে ঢেকে গেছে বিশ্বখ্যাত এই তারকার সমাধি। সামাজিক যোগাযোগ মাধ্যম টুইটারে ইরফানের কবরের একটি ছবি শেয়ার করেছেন অভিনেতা চন্দন রায় সান্যাল। এর মাধ্যমে সমাধির বর্তমান অবস্থা দেখা গেছে।

ছবিটির ক্যাপশনে চন্দন লিখেছেন, ইরফানকে মিস করছিলাম। চার মাস ধরে তার সমাধিতে না যেতে পারায় নিজের ওপর রাগ হচ্ছিলো। এখানে গাছগাছালির মাঝখানে একা একা বিশ্রাম নিচ্ছেন তিনি। তাকে কিছু রজনীগন্ধা দিয়ে এলাম। তার সাম্রাজ্যের কিছু অংশ নিজের জন্য নিলাম। কতগুলো দিন কেটে গেল ইরফান খান!

সূত্র : সংবাদ প্রতিদিন।

পাকিস্তানি প্রেসিডেন্টকে জড়িয়ে যে গুঞ্জনে ক্ষুব্ধ হয়েছিলেন ঐশ্বরিয়া

খ্যাতির সঙ্গে বিড়ম্বনাও আসে। এই অভিজ্ঞতা সবচেয়ে বেশি হয় সেলিব্রিটিদের। তাদের সম্পর্কে কিছু একটা চাউর হলে তা ছড়িয়ে পড়তে বেশি সময় লাগে না। অভিনেত্রী ঐশ্বরিয়া রাইকে নিয়েও বলিউডে ছিল নানা রকমের গুঞ্জন। একসময় সেই গুঞ্জনের সূত্র ছিল প্রতিবেশী দেশ পাকিস্তান।

২০০৮ থেকে ২০১৩ পর্যন্ত পাকিস্তানের প্রেসিডেন্ট ছিলেন আসিফ আলি জারদারি। এই জারদারির সঙ্গে নাম জড়িয়েছিল বলিউড অভিনেত্রী ঐশ্বরিয়ার। পাকিস্তানের রাজনৈতিক বিশেষজ্ঞ শাহিদ মাসুদ তার একটি আর্টিকেলে লিখেছিলেন, পাকিস্তানের রাষ্ট্রপতি ভবনে অনুষ্ঠান করার জন্য ঐশ্বরিয়াকে আমন্ত্রণ জানিয়েছিলেন আসিফ আলি জারদারি। এর জন্য নাকি তাকে ১০ কোটি টাকা দেওয়া হয়েছিল। সেই সময় খবর ছড়ায় যে এক রাতের মনোরঞ্জনের জন্য ১০ কোটি টাকা দেওয়া হয়েছিল ঐশ্বরিয়াকে। তবে এই বিষয়ে ভারত ও পাকিস্তানের কেউই অবহিত ছিলেন না। জারদারির

কোনো ঘনিষ্ঠ সূত্র শাহিদ মাসুদকে এই খবর দিয়েছিলেন বলে উল্লেখ করা হয়।

তবে এই তথ্য কতটা সত্য তা নিয়ে ধোঁয়াশা থেকে গেছে। কারণ এমন কোন তথ্য পাওয়া যায়নি যা থেকে প্রমাণ হয় সত্যিই ঐশ্বরিয়া রাই পাকিস্তানের রাষ্ট্রপতি ভবনে পারফর্ম করে ১০ কোটি টাকা নিয়েছিলেন। আর তাই এই বিষয়টিতে খুবই ক্ষুব্ধ হয়েছিলেন অভিনেত্রী। তিনি যে সেখানে গিয়ে পারফর্ম করেছেন এমন কোন ভিডিও পর্যন্ত কেউ প্রকাশ করতে পারেননি।

সূত্র : কলকাতা টোয়েন্টিফোরের।

জেমস বন্ড চরিত্রে নতুন মুখ

বিখ্যাত ঔপন্যাসিক ইয়ান ফ্লেমিং কর্তৃক সৃষ্ট উপন্যাসের কাল্পনিক চরিত্র জেমস বন্ড। আর ওই চরিত্রকে ঘিরে সর্বশেষ সিনেমা ‘নো টাইম টু ডাই’ আগামী নভেম্বরে মুক্তির কথা রয়েছে।

সিনেমাটিতে জেমস বন্ডের চরিত্রে অভিনয় করেছেন ড্যানিয়েল ক্রেগ। তবে এই সিনেমার পর জেমস বন্ড চরিত্রে আসছেন আইরিশ অভিনেতা টম হার্ডি। গত জুনে সফল অডিশনের পর জেমস বন্ড নির্বাচিত হয়েছেন টম হার্ডি।

এরআগে জেমস বন্ড চরিত্রে অভিনয় করেছেন শন কনারি, জর্জ ল্যাজেনবি, রজার মুরে, টিমোথি ডাল্টন, পিয়ার্স ব্রুসনান ও ড্যানিয়েল ক্রেগ।

সূত্র- বিডি প্রতিদিন

এবার অনুরাগের বিরুদ্ধে মামলা করতে যাচ্ছেন পায়েল ঘোষ

আরও বিপাকে পড়তে চলেছেন বলিউড পরিচালক অনুরাগ কাশ্যপ। এবার এই পরিচালকের বিরুদ্ধে এবার এফআইআর (মামলা) দায়ের করতে চলেছেন অভিনেত্রী পায়েল ঘোষ। জানা যাচ্ছে, মুম্বাইয়ের ওশিওয়ারা থানায় অনুরাগ কাশ্যপের বিরুদ্ধে এই মামলা দায়ের করতে যাচ্ছেন তিনি।

এ বিষয়ে অভিনেত্রী পায়েল ঘোষের আইনজীবী নীতিন সতপুতে একটি বিবৃতি দিয়েছেন। এতে বলা হয়েছে,“২০১৫ সালে অনুরাগের বাড়িতে পায়েল ঘোষের শ্লীলতাহানি করা হয়েছিল এবং তার সঙ্গে নোংরা আচরণ করা হয়েছিল। এ বিষয়ে কাগজপত্র তৈরি করা হচ্ছে। ২১ সেপ্টেম্বর (সোমবার) অভিযোগ দায়ের করা হবে।”

প্রসঙ্গত, শনিবার পরিচালক অনুরাগ কাশ্যপের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ আনেন অভিনেত্রী পায়েল ঘোষ।

টুইটে এ নিয়ে পায়েল লিখেছিলেন, “অনুরাগ তার ওপর নিজেকে খুব খারাপভাবে চাপিয়ে দিয়েছিলেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিজি দয়া করে এনার বিরুদ্ধে ব্যবস্থা নিন। এই শিল্পী মানুষটির চেহারের ভিতরে কত বড় দানব রয়েছে তা গোটা দেশ দেখুক। আমি জানি, এতে আমার নিরাপত্তা বিঘ্নিত হতে পারে। তাই সাহায্য চাইছি।” সূত্র: জিনিউজ

এবার অুনরাগের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ অভিনেত্রীর

কঙ্গনা রানাউতের সঙ্গে যখন প্রবল বাক যুদ্ধ চলছে ঠিক সেই সময়ই ফের বিস্ফোরণ! পরিচালক অনুরাগ কাশ্যপের বিরুদ্ধে অভিনেত্রী তথা মডেল পায়েল ঘোষ চাঞ্চল্যকর অভিযোগ করলেন টুইটারে। ভারতের প্রধানমন্ত্রীনরেন্দ্র মোদির উদ্দেশ্যে অনুরোধ জানিয়ে পায়েল বলেছেন, অনুরাগের বিরুদ্ধে ব্যবস্থা নিন।

শনিবার সন্ধ্যায় পায়েল টুইটে লিখেছেন, অনুরাগ তার ওপর খুব বাজেভাবে জবরদস্তি করেছেন। তবে ঠিক কী ধরনের হেনস্থা তাকে করা হয়েছে তা বলেননি পায়েল। সেই সঙ্গে প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে পায়েলের অনুরোধ, সৃজনশীলতার আড়ালে এদের ভিতরে যে দানব লুকিয়ে রয়েছে তা দেশের মানুষের সামনে আসা উচিত!

এমনিতে গ্যাংস অব ওয়াসিপুরের ডিরেক্টর অনুরাগ কাশ্যপ বহুদিন থেকেই নানা ইস্যুতে নরেন্দ্র মোদি তথা কেন্দ্রীয় সরকারের সমালোচনায় মুখর। সিএএ, ধারা ৩৭০, গণপিটুনি, নোটবন্দি প্রায় সব ইস্যুতেই কেন্দ্রের বিরুদ্ধে তীব্র সমালোচনায় অবতীর্ণ হয়েছিলেন অনুরাগ।

অন্যদিকে, পায়েল আবার মোদিভক্ত বলেই জানা যাচ্ছে। অক্ষয় কুমার, কঙ্গনা রানাউতদের মতো মোদিপন্থী সেলিব্রিটিদের সঙ্গে তার ঘনিষ্ঠতা রয়েছে। সুশান্ত সিং রাজপুতের মৃত্যু ইস্যু এবং কঙ্গনা কাণ্ড নিয়ে সম্প্রতি বলিউডের মধ্যে যে আড়াআড়ি রাজনৈতিক বিভাজন সামনে এসেছে, অনেকেই তার সঙ্গে এই ঘটনাকে জুড়ে দেখতে চাইছেন।

যদিও পায়েলের অভিযোগ নিয়ে এখনও সোশ্যাল মিডিয়া বা সংবাদ মাধ্যমে কোনও প্রতিক্রিয়া দেননি অনুরাগ।

এমনিতে মিটু নিয়ে বলিউডে কম ঘটনা সামনে আসেনি। নাসিরউদ্দিনের মতো বর্ষীয়ান অভিনেতার নামও জড়িয়ে গিয়েছিল। সেদিক থেকেএই অভিযোগ নতুন ঘটনা নয়। সূত্র: দ্য ওয়াল

হাতের কাজগুলো তাড়াতাড়ি শেষ করতে চাই : আনুশকা

জনপ্রিয় বলিউড অভিনেত্রী আনুশকা শর্মা ‘সীতা’ হয়ে ‘আদিপুরুষ’ সিনেমায় হাজির হতে যাচ্ছেন। আর সেই সিনেমায় ‘বাহুবলী’ খ্যাত জনপ্রিয় নায়ক প্রভাস ‘রাম’ হয়ে ধরা দেবেন। ভারতীয় গণমাধ্যমগুলো সম্প্রতি এমন খবর প্রকাশ করেছিল। এ নিয়ে বেশ উচ্ছ্বাস দেখা গিয়েছিল সিনেমা প্রেমীদের মধ্যে। দক্ষিণের নায়ক ও বলিউডের

নায়িকার অনস্ক্রিন কেমিস্ট্রি দেখার অপেক্ষায় ছিলেন সবাই। তবে সেটি সম্ভবত হচ্ছে না। কারণ ছবিটি করবেন না অভিনেত্রী আনুশকা শর্মা!

সম্প্রতি জানা গেছে, প্রভাসের সঙ্গে ‘আদিপুরুষ’ সিনেমায় আনুশকা শর্মা চুক্তিবদ্ধ হননি। এটি কেবলই গুঞ্জন। এর কারণ হিসেবে তার মা হওয়াকেই মনে করছেন অনেকে। এছাড়া তার হাতে বেশকিছু কাজও রয়েছে, যেগুলো শিগগিরই তিনি শেষ করতে চান। কেননা এমন অবস্থায় খুব বেশি দিন হয়তো তিনি কাজ করতে পারবেন না।

এ প্রসঙ্গে আনুশকা বলেন, ‘আদিপুরুষ সিনেমা নিয়ে যে খবর ছড়িয়েছে সেটি নিতান্তই গুজব। আমি এখনো সিনেমাটিতে চুক্তিবদ্ধ হইনি। আপাতত নতুন কোনো সিনেমায় চুক্তিবদ্ধ হবো না। হাতের কাজগুলো তাড়াতাড়ি শেষ করতে চাই। তবে আগামী বছরের শুটিং হবে এমন কোনো সিনেমা হলে তাতে কাজ করতে আপত্তি নেই।’ তার এই পরিকল্পনাটি তিনি স্বামী বিরাট কোহলির সঙ্গে আলোচনা করেই গ্রহণ করেছেন। সামনের দিনগুলোতে তিনি নিজেদের অনাগত সন্তানকে নিয়েই মনযোগী থাকতে চান।

এদিকে, নিজের ভেরিফায়েড ফেসবুক পেইজে আনুশকা শর্মা গত ২৭ অগস্ট লেখেন, ‘অবশেষে আমরা ৩ জন হতে যাচ্ছি।’ জানান, ২০২১ সালের জানুয়ারিতে মা হচ্ছেন আনুশকা। ২০১৭ সালের ডিসেম্বরে বিয়ের পিঁড়িতে বসেন দুই দিগন্তের তারকা আনুশকা শর্মা ও বিরাট কোহলি। এ যুগল প্রথম বিবাহবার্ষিকী উদযাপন করেন অস্ট্রেলিয়ার সিডনিতে। একে অন্যের শক্তির উৎস এ তারকা-যুগল। ২০১৮ সালে মুক্তি পায় আনুশকা শর্মার সর্বশেষ সিনেমা ‘জিরো’।

বক্স অফিসে আক্ষরিক অর্থেই জিরো হয়েছিল এই সিনেমা। যদিও তার সেরেব্রাল পালসি রোগে ভোগা বিজ্ঞানী আফিয়া ইউসুফজাই ভিন্দার চরিত্রটি দর্শক ও সমালোচক মহলে ব্যাপক প্রশংসিত হয়েছিল। এরপর আর বড় পর্দায় দেখা মেলেনি এই অভিনেত্রীর। সর্বশেষ বুলবুল ছবিটি প্রযোজনা করে আলোচিত হন আনুশকা।

তোমরা চমৎকার মা-বাবা হবে: মোদি

বৃহস্পতিবার ছিল ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ৭০তম জন্মদিন। এদিন দেশ-বিদেশ থেকে শুভেচ্ছা বার্তায় ভেসেছেন তিনি। রাজনীতির ময়দানের পক্ষ-বিপক্ষ থেকে বিভিন্ন দেশের রাষ্ট্রনেতা, এবং অবশ্যই বিনোদন ও ক্রীড়াজগতের ব্যক্তিত্বরা নরেন্দ্র মোদিকে শুভেচ্ছা জানিয়েছেন এই বিশেষ দিনটিতে।

এদিন বিরাট কোহলি প্রধানমন্ত্রীর উদ্দেশে টুইট করেছিলেন, ‘আমাদের দেশের প্রধানমন্ত্রীকে জানাই জন্মদিনের অনেক শুভেচ্ছা’। কোহলির টুইটের জবাবে মোদি জানান, ‘ধন্যবাদ বিরাট। আমি তোমাকে এবং অনুশকাকে অনেক অভিনন্দন জানাতে চাই। আমি নিশ্চিত তোমরা দুজনে চমৎকার বাবা-মা হবে’।

দেশের প্রধানমন্ত্রীর কাছ থেকে এমন প্রশংসা পেয়ে আবেগে গদগদ বিরাট, অনুশকা। শুক্রবার এই টুইটের জবাবে অনুশকা লেখেন, ধন্যবাদ স্যার এই সুন্দর শুভেচ্ছা বার্তার জন্য! আশা করছি, আপনার জন্মদিন খুব ভালো কেটেছে! সবসময় আপনার সুস্বাস্থ্য প্রার্থনা করি। অন্যদিকে বিরাট লেখেন, এই সুন্দর শুভেচ্ছার জন্য মন থেকে ধন্যবাদ জানাচ্ছি।
২০২১-এর শুরুতেই বিরাট-আনুশকার ঘরে আসতে চলেছে নতুন অতিথি। গত মাসেই ইনস্টাগ্রামে পোস্টে নতুন সদস্যের আগমন বার্তা জানিয়েছিলেন বিরাট,অনুশকা। আপতত আইপিএলে যোগ দিতে আমিরশাহীতে উড়ে গিয়েছেন বিরাট। অন্তঃসত্ত্বা অনুশকাও বিরাটের সঙ্গেই গিয়েছেন।

দিন কয়েক আগেই নিজের বেবি বাম্পের ছবি পোস্ট করে অনুশকা লেখেন, ‘এর থেকে বেশি বাস্তব এবং মহান অনুভূতি আর কিছুই হতে পারে না-যে তোমার ভেতরে তুমি একটা প্রাণ বেড়ে উঠছে। যদিও এটার নিয়ন্ত্রণ তোমার হাতে নেই, তবে এটা আসলে কী? এই ছবিতে ভালোবাসায় ভরিয়ে দেন বিরাটও।

এই ছবি কমেন্ট বক্সে বিরাট কোহলি লেখেন-আমার গোটা দুনিয়া একটা ফ্রেমেবন্দি।

বৃহস্পতিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে জন্মদিনের শুভেচ্ছা

জানিয়েছেন বলিউডের তিন খান- শাহরুখ,সালমান, আমির থেকে শুরু করে নতুন প্রজন্মের তারকা- কার্তিক, বরুণরাও। তারকা থেকে আম জনতা টুইটারে মোদি সকলেই জবাব দিয়ে ধন্যবাদ জানিয়েছেন শুভেচ্ছা বার্তার।

সূত্র : হিন্দুস্তান টাইমস